Sanatan Dharma

বীজ+ গায.ত্রী এবং সাধনা অত্যন্ত আবশ্যক

শৈব মন্ত্র, শক্তি মন্ত্র, বিষ্ণুমন্ত্র,গণেশ মন্ত্র, সূর্য মন্ত্র বা যে কোন দেবদেবীর বীজমন্ত্রের দীক্ষা এ সব তন্ত্র শাস্ত্রেরেই অন্তর্গত তবে বেদের সূর্য গায.ত্রী মন্ত্র বৈদিক মন্ত্র । তন্ত্রোক্ত বীজমন্ত্রের দীক্ষা+ বীজগায.ত্রী ছাড়া ব্রহ্মজ্ঞান এর পথে সাধনের উন্নতি করা সম্ভব নয়। ----তর্ক- যুক্তিতে ব্রহ্মজ্ঞান লাভ করা যায় না। তাই বৈদিক ধর্মআচার-অনুশাসন এর সঙ্গে তন্ত্রোক্ত দীক্ষা ও সাধনা এবং বৈদিক ব্রহ্মবিদ্যার কঠোর যোগ সাধনার দ্বারাই ব্রহ্ম-জ্ঞানের বিকাশ হয়। ব্রহ্ম-জ্ঞান লাভ করার জন্যে তন্ত্র এবং বৈদিক—এই দুই পদ্ধতির সমন্বয়ে মানসিক ও আধ্যাত্মিক ধর্মআচার-অনুশাসন এবং সাধনার প্রয়োজন। তাই তন্ত্র বাদ দিয়ে শুধু বৈদিক অথবা বৈদিক বাদ দিয়ে শুধু তন্ত্র সাধনায় পূর্ণব্রহ্ম জ্ঞানলাভ করা কারো পক্ষে সম্ভব নয় । তাই তন্ত্র + বৈদিক ধর্মআচার-অনুশাসন এবং সাধনার —এই দুই পদ্ধতির সমন্বয়ে পূর্ণব্রহ্ম জ্ঞানলাভ করা কারো পক্ষে সম্ভব ।
(বলা বাহুল্য যে তন্ত্রের আভিচারিক দিক সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া শুধু শুদ্ধ-দিব্য শৈব্যাগমতন্ত্রের বীজ+ গায.ত্রী এবং সাধনা অত্যন্ত আবশ্যক)

Published on: Feb, 16 2023 12:01